চাকরির নিয়ম লঙ্ঘনকারী আমলাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে: নাহিদ ইসলাম

written by Chandradip News24 | December 28, 2024

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি উপদেষ্টা মো. নাহিদ ইসলাম জানিয়েছেন, প্রতিবাদের নামে চাকরির নিয়ম লঙ্ঘনকারী আমলাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি, আগের শাসনামলের দুর্নীতিবাজ আমলাদের বিরুদ্ধেও দ্রুত পদক্ষেপ নেওয়া হবে।

তিনি বলেন, “আজও আমরা এ বিষয়ে একটি বৈঠক করেছি। আগামী সপ্তাহে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কোনো অবস্থাতেই নিয়ম লঙ্ঘন মেনে নেওয়া হবে না।”

শুক্রবার (২৭ ডিসেম্বর) রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউটে ‘ঐক্য, সংস্কার ও নির্বাচন’ শীর্ষক জাতীয় সংলাপ ২০২৪-এর সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নাহিদ ইসলাম বলেন, “বিভিন্নভাবে লুকিয়ে থাকা আগের সরকারের আমলাদের আমরা চিহ্নিত করেছি। তারা নানা পন্থায় ফ্যাসিবাদ

প্রতিষ্ঠায় ভূমিকা রেখেছিল। এদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা নেওয়া হবে।”

তিনি আরও বলেন, “সংস্কার কার্যক্রমের মাধ্যমে সবাই ন্যায়বিচার পাবে। আমলাদের মতামত শোনা হবে, তবে নিয়ম লঙ্ঘন মেনে নেওয়া হবে না। আমরা চাই, সরকারি কর্মকর্তা-কর্মচারীরা জনগণের সেবা ও গণতন্ত্র রক্ষায় কাজ করুক। গোষ্ঠীস্বার্থ বা ব্যক্তিগত স্বার্থ রক্ষার জন্য এসব প্রতিবাদ নয়।”

অন্তর্বর্তী সরকারের কর্মকাণ্ড প্রসঙ্গে তিনি বলেন, “গণঅভ্যুত্থানের পর গঠিত অন্তর্বর্তী সরকার একটি ক্রান্তিকাল অতিক্রম করছে। এটি সাংবিধানিক বা বিপ্লবী সরকারের মধ্যে কোনোটি নয়, বরং একটি সমঝোতার সরকার।”

তিনি আরও বলেন, “রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতা ও সরকারের ভুলত্রুটি সমাধানের চেষ্টা চালিয়ে যাচ্ছি। এটি জনগণের জন্য একটি সঠিক গণতান্ত্রিক উত্তরণের সময়।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম